# জেলখানায় খালেদা জিয়ার খাবারে বিষ মিশানোর অভিযোগ: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, জেলখানায় খালেদা জিয়ার খাবারে বিষ মেশানো হয়েছিল। তিনি এই মন্তব্য করেছেন শনিবার (২৯ নভেম্বর) চট্টগ্রামের হাটহাজারি মিরের খীল স্কুল মাঠে।

রিজভী বলেন, “শেখ হাসিনা মনে করতেন বেগম খালেদা জিয়া তার পথের কাঁটা। তাই অতীতে তাকে দুনিয়া থেকে সরাতে নানা চেষ্টা চালানো হয়েছে। এমনকি জেলখানায় তার খাবারে বিষ মিশিয়ে দেওয়ার কথাও শোনা গেছে।”

তিনি আরও অভিযোগ করেন, “শেখ হাসিনা ক্ষমতা ভোগ করেছেন নিজের ও পরিবারের জন্য। বিপুল স্বর্ণ মজুদ করেছেন এবং তার লোকজন দেশের ব্যাংক লুট করে বিদেশে পাচার করেছে। এখন পর্যন্ত সব ছেড়ে পালিয়েছেন, জমানো স্বর্ণও নিয়ে যেতে পারেননি।”

রিজভী সামাজিক অবস্থা নিয়েও উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, “৫ আগস্টের পর সমাজে অস্ত্রের ঝনঝনানি, খুনোখুনি চলছে, ছাত্ররা মারা যাচ্ছে। সামনে নির্বাচন এবং সামাজিক সন্ত্রাস রোধে সরকারকে কঠোর হওয়ার আহ্বান জানাচ্ছি।”

LENS ASIA

এছাড়া, প্রবাসী ভোটার প্রসঙ্গে তিনি বলেন, “১ কোটি প্রবাসী রয়েছেন, কিন্তু ভোটার হিসাবে রেজিস্ট্রেশন হয়েছে মাত্র ৭৫ হাজার। তাই পাসপোর্ট ব্যবহার করে ভোট প্রদানের ব্যবস্থা করতে ইসিকে আহ্বান করছি।”

চট্টগ্রামে অনুষ্ঠিত অনুষ্ঠানে, জুলাই আন্দোলনে শহিদ ৭ পরিবারসহ হতাহতদের মানবিক সহায়তা দেওয়া হয়। রিজভী জানান, এই আয়োজন করেছে বিএনপি পরিবার।